তারিখ 22 AUG 1990
পৃষ্ঠা ৭ কলাম ৬

দৈনিক বাংলা

20

108

# পরীক্ষার ফল ফাঁস : যশোর বোর্ডের দুই কর্মচারী সাসপেন্ড

॥ স্টাফ রিপোর্টার ॥

যশোর, ২১শে আগস্ট।– যশোর শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার ফল আনুষ্ঠানিকভাবে প্রকাশের আগেই তা ফাঁস করে দেয়ার দায়ে বোর্ডের দু'জন কর্মচারীকে আজ সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। এ নিয়ে কর্মচারীদের একাংশ বিক্ষুব্ধ হলে বোর্ড কর্তৃপক্ষ এসএসসি পরীক্ষার টেবুলেশন আগামী ২৭শে আগস্ট পর্যন্ত স্থগিত ঘোষণা করেন। (৫–এর পৃঃ দ্রঃ)

## পরীক্ষার ফল ফাঁস

(প্রথম পৃঃ পর)

বোর্ডের দায়িত্বশীল সূত্র জানান, টেবুলেশন চলাকালে আজ দু'জন কর্মচারী মাহবুব ও শাহজাহান সেখান থেকে অসংখ্য রোল নম্বরের ফলাফল কাগজে লিখে বাইরে নিয়ে আসে। বোর্ডের একজন পদস্থ কর্মকর্তা তাদের হাতেনাতে ধরে ফেলেন এবং তাদের সাময়িক বরখাস্তের নির্দেশ দেয়া হয়।